ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
প্রধান কার্যালয়
লিজিং ডিপার্টমেন্ট

আইসিবি কর্তৃক পরিচালিত লিজ সহায়তা গ্রহণে আগ্রহীদের জ্ঞাতব্য বিষয় সমূহ:-

লিজ সহায়তার ধরণ ঃ

আইসিবি কর্তৃক প্রধানত: দুই ধরণের লিজ সহায়তা প্রদান করা হয়ে থাকে। আইসিবি যন্ত্রপাতি আমদানী বা স্থানীয় ভাবে সংগ্রহ করার নিমিত্তে লিজ সহায়তা প্রদান করে। এক্ষেত্রে সেলস্ এন্ড লিজ ব্যাক পদ্ধতিতেও কোম্পানির বিদ্যমান যন্ত্রপাতির মূল্যায়নের উপর ভিত্তি করে লিজ সহায়তা প্রদান করা হয়।

লিজ সহায়তা গ্রহনের যোগ্যতা ঃ

লিজ সহায়তার ক্ষেত্রে আর্থিকভাবে স্বচ্ছল, কমপক্ষে বিগত ১ বছরে লভ্যাংশ পরিশোধে সক্ষম হয়েছে এমন সম্ভাবনাময় সকল সেক্টরে লিজিং এর আওতায় অর্থায়ন করা হয়। গ্রুপ অব কোম্পানির ক্ষেত্রে গ্রুপের অন্যান্য প্রকল্পের বিগত বছরসমূহের পরিচালনা কার্যক্রম সন্তোষজনক হলে সে ক্ষেত্রে উক্ত গ্রুপের নতুন প্রকল্পে আর্থিক সহায়তা প্রদান করা হয়। শুধুমাত্র হিমাগার স্থাপন এবং জনসাধারণের জন্য ব্যবহার যোগ্য পরিবহন খাতে লিজ সহায়তা প্রদান করা হয় না।

লিজ সহায়তার জন্য আবেদনের নিয়মাবলী ঃ-

১) লিজ সহায়তা গ্রহণে ইচ্ছুক প্রতিষ্ঠানটি অবশ্যই পাবলিক লিঃ অথবা প্রাইভেট লিঃ কোম্পানি হতে হবে;

২) আইসিবি'র ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বরাবরে সংশ্লিষ্ট কোম্পানি লিজ সহায়তায় জন্য আবেদন করবে;

৩) বিদ্যমান প্রকল্পের ক্ষেত্রে আবেদন পত্রের সাথে বিগত ৩ বছরের নিরীক্ষিত হিসাব বিবরণী সহ কোম্পানির প্রজেক্ট প্রোফাইল জমা দিতে হবে;

৪) নতুন প্রকল্পের ক্ষেত্রে সহযোগী প্রতিষ্ঠান সমূহের বিস্তারিত তথ্য সববরাহ করতে হবে;

৫) লিজ সহায়তা গ্রহনের জন্য কোম্পানির পরিচালক পর্ষদের সিদ্ধান্তের কার্যবৃত্ত আইসিবিতে জমা দিতে হবে;

৬) উদ্যোক্তাদের নীট সম্পদের বিবরণী এবং এতদ্সংক্রান্ত উদ্যোক্তাদের টিআইএন (TIN) সার্টিফিকেটের সত্যায়িত ছায়ালিপি আইসিবিতে জমা দিতে হবে;

৭) লিজ সহায়তার বিপরীতে জামানতের ব্যাপারে সুনির্দিষ্ট প্রস্তাব দিতে হবে;

৮) লিজ সহায়তার মাধ্যমে ক্রয়কৃত যন্ত্রপাতির মূল্যমানসহ বিবরণ এবং বাজার মূল্য নির্ধারণের জন্য ৩ সেট কোটেশন জমা দিতে হবে;

৯) কোম্পানির নামে পরিচালিত এবং পরিচালকবৃন্দের নামে পরিচালিত ব্যাংকের হিসাব নম্বর, ব্যাংকের নাম ও শাখার (ঠিকানা সহ) তথ্য সরবরাহ করতে হবে;

১০) কোম্পানির মেমোরেন্ডাম এন্ড আর্টিকেল অব এসোসিয়েসন এর সার্টিফাইড কপি আইসিবিতে জমা দিতে হবে;

১১) পরিবেশ অধিদপ্তরসহ অন্যান্য সংশ্লিষ্ট সরকারী প্রতিষ্ঠানের অনাপত্তি পত্র আইসিবিতে জমা দিতে হবে এবং

১২) পরিচালকবৃন্দের পাসপোর্ট সাইজের ছবি সরবরাহ করতে হবে।

<u>লিজ সহায়তার ক্ষেত্রে বিবেচ্য বিষয়সমূহ</u> ঃ

১) কোম্পানির অন্যান্য ও সহযোগী প্রতিষ্ঠান সমূহের প্রদত্ত তথ্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক বলে বিবেচিত হলে লিজ সহায়তার জন্য আইসিবি কর্তৃক কোম্পানিকে আইসিবি'র নির্ধারিত আবেদন ফরম সরবরাহ করা হয়;

২) প্রকল্প পরীক্ষণ ফি বাবদ আইসিবি'র অঙ্গীকারকৃত অংশের ০.১৫% যা সর্বনিম্ন ১০,০০০.০০ টাকা এবং সর্বোচ্চ ১,০০,০০০.০০ টাকা লিজ গ্রহীতা কর্তৃক আইসিবি'কে প্রদান করতে হয়;

৩) কোম্পানি কর্তৃক প্রদত্ত সকল তথ্য প্রাপ্তি ও প্রকল্প পরিদর্শন, সন্তোষজনক CIB রিপোর্ট, ক্রেডিট রেটিং রিপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে) প্রাপ্তি সাপেক্ষে প্রকল্প মূল্যায়ন প্রতিবেদন তৈরী করে প্রকল্প মূল্যায়ন কমিটিতে উপস্থাপন করা হয়;

৪) লিজ চুক্তি স্বাক্ষরের সময় লিজ গ্রহীতা (Lessee) কর্তৃক আইসিবি'র অঙ্গীকারকৃত/বিতরণকৃত অর্থের উপর ব্যবস্থাপনা ফি বাবদ ০.৫০% থেকে ১% পর্যন্ত প্রদান করতে হয়। তবে ৫০.০০ লক্ষ টাকার নিম্নে লিজের ক্ষেত্রে ০.৫০% প্রদান করতে হয়;

৫) মূল্যায়ন প্রতিবেদনটি লিজ সহায়তার জন্য বিবেচিত হলে শুল্ক কর, পরিবহন ও স্থাপনা খরচসহ যন্ত্রপাতি ও সরঞ্জামের অর্জিত/স্থিরকৃত মূল্য (Acquisition cost/Agreed value) এর ৮০% পর্যন্ত লিজ সহায়তা করা হয়;

৬) লিজ সহায়তা প্রদানের পূর্বে লিজ গ্রহীতা এবং আইসিবি'র (লিজ দাতা) মধ্যে অবশ্যই উপযুক্ত শর্তাবলী সমৃদ্ধ প্রয়োজনীয় দলিলাদি সম্পাদন করতে হয়;

৭) লিজ গ্রহীতাকে লিজ সহায়তার বিপরীতে অতিরিক্ত জামানত প্রদান করতে হয়;

৮) প্রাথমিক ভাবে ৩ থেকে ৫ বছর সময়ের জন্য লিজ সহায়তা করা হয়;

৯) লিজ সহায়তার অর্থ বিতরণের সময় পরিশোধ সূচী অনুযায়ী অগ্রিম ভাড়ার সমস্ত চেক প্রদান করতে হয়;

১০) লিজ সহায়তার বিপরীতে বিতরনকৃত অর্থের উপর আইসিবি কর্তৃক ধার্য্যকৃত (বর্তমান হার ১৩.৫০%) হারে প্রতিদান প্রদান করা হয়;

১১) আইডিসিপির ক্ষেত্রে সর্বোচ্চ ২টি চেক গ্রহণ পূর্বক পরবর্তীতে ২টি রেন্টালের কিস্তির সাথে ধারাবাহিকভাবে আদায় করা হয়;

১২) লিজ সহায়তার অর্থ বিতরনের সময়ে লিজ জামানত হিসাবে ১ মাসের ভাড়ার অগ্রিম গ্রহণ করা হয়। লিজ চুক্তির মেয়াদ উত্তীর্ণ হলে এবং লিজ চুক্তির সমুদয় শর্তাবলী

সন্তোষজনকভাবে পরিপালন সাপেক্ষে উক্ত জামানত লিজ গ্রহীতাকে ফেরত প্রদান করা হয়। তবে উক্ত লিজভাড়ার উপর কোন সুদ প্রদান করা হয় না;

১৩) লিজ সহায়তার মাধ্যমে ক্রয়কৃত সম্পত্তির মালিকানা লিজদাতার থাকবে তবে লিজ গ্রহীতা কর্তৃক লিজ রেন্টালের সকল কিস্তি (আসল ও সুদ) নিস্পত্তি হওয়ার পর যন্ত্রপাতির অর্জিত/স্থিরকৃত মূল্যের ০.২৫% থেকে ০.৫০% স্যালভেজ ভ্যালু ধরে যন্ত্রপাতির মালিকানা লিজ গ্রহীতার বরাবর হস্তান্তর করা যাবে।

১৪) লিজ গ্রহনের ক্ষেত্রে ডকুমেন্টেশন ডিপার্টমেন্ট কর্তৃক নিম্নোক্ত দলিলাদি সম্পাদিত হয়ে থাকেঃ-

ক) লিজ চুক্তি ঃ এক্ষেত্রে ১৫০.০০ (১০০+৫০) টাকার ২টি Non-judicial stamp ও ১২টি কাটিজ পেপার প্রয়োজন হয়;

খ) Letter of Hypothecation (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ এক্ষেত্রে ১৫০.০০ টাকা মূল্যমানের (১০০+৫০) ২টি Non-judicial stamp এর প্রয়োজন হয়;

গ) Letter of Guarantee ঃ এক্ষেত্রে ১৫০.০০ (১০০+৫০) টাকার Non-judicial stamp এ সকল পরিচালককে আলাদাভাবে ও যৌথভাবে Guarantee প্রদান পূর্বক স্বাক্ষর করতে হয়;

ঘ) Promissory Note ঃ এক্ষেত্রে ১৫০.০০ টাকা মূল্যমানের Non-judicial stamp এর প্রয়োজন হয়;

ঙ) Corporate Guarantee (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ এক্ষেত্রে ১৫০.০০ টাকা (১০০+৫০) ২টি স্ট্যাম্প এর প্রয়োজন হয়;

চ) Under taking ঃ এক্ষেত্রে ১৫০.০০ টাকা মূল্যমানের ২টি Non-judicial stamp এর প্রয়োজন হয়।

আইসিবি কর্তৃক পরিচালিত লিজ অর্থায়ন সংক্রান্ত যে কোন বিষয়ে অবহিত হওয়ার জন্য লিজিং ডিপার্টমেন্টের সহকারী মহাব্যবস্থাপক এবং লিজিং এন্ড ভেঞ্চার ক্যাপিটাল ডিভিশনের উপ-মহাব্যবস্থাপক এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

যোগাযোগ এর ঠিকানা

টিপু সুলতান ফারাজী
সহকারী মহাব্যবস্থাপক
ফোন- ৯৫৬৩৪৫৫ (এক্স- ১৭৩)

জুবাইদা নাসরীন
উপ-মহাব্যবস্থাপক
ফোন- ৭১৬২৯০৮
৯৫৬৩৪৫৫(এক্স- ১৫৫)